



চট্টগ্রাম: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাটল ট্রেনে একবে নাম লিখে ও চিকা ঘেরে দখলে রাখার প্রক্রিয়া বন্ধ করতে উদ্যোগ নিয়েছেন রেলওয়ে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ -নোতানিক্তর রহমান

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় : বদলে যাচ্ছে শাটল ট্রেনের কালচার দখল করা যাবে না বগি, মারা যাবে না চিকা

॥ কমল দে, চট্টগ্রাম অফিস ॥

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও শহরের মধ্যে চলাচলকারী শাটল ট্রেনে নাম লিখে বগি দখল বা বগি ভিত্তিক সংগঠন করার মতো অনেক কালচার বদলে দেয়ার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এর অংশ হিসাবে দুইটি ট্রেনের সবগুলো বগির চিকা মুছে স্থায়ীভাবে রঙ করা হবে। এর ফলে বিলুপ্তি ঘটবে সিএফসি, তুফান, ফাইট ক্লাব, অলওয়েজ, উস্কা, দোস্ত ও এপিটার্কের মতো বগি সংগঠনগুলোর কার্যক্রম। সম্মতি সংগঠনগুলোর দখলে রাখা বগিগুলোতে সাধারণ ছাত্র-ছাত্রীদের উঠতে না দেয়া, মারধর করার মতো ঘটনা ঘটায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

এ প্রসঙ্গে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মোহাম্মদ জসীম উদ্দিন দৈনিক ইন্ডেক্সকে বলেন, বগিগুলোতে নতুন রঙ লাগানোর পর আর কাউকে এখানে লিখতে কিংবা দখল রাখতে দেয়া হবে না। যাত্রা এ নিয়ম অমান্য করলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। নতুন রঙ করার ফলে ট্রেনের সৌন্দর্য যেমন কৃতি পাবে, তেমনি সাধারণ ছাত্র-ছাত্রীদের যাতায়াতের সুবিধা হবে।

বগিগুলোর চিকা মুছে ফেলার পাশাপাশি চলতি মাস থেকে ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে শাটল ট্রেনের অতিরিক্ত ট্রিপ দেয়া এবং বগি বাড়ানো হচ্ছে। আগামী মাস থেকে (২য় পৃঃ ৫-এর কঃ ৫)

### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃঃ পর)

১৮টি বগি নিয়ে ৭ বার করে মোট ১৪ বার ট্রেন দুইটি শহর ও বিশ্ববিদ্যালয়ের মধ্যে আসা-যাওয়া করবে। বর্তমানে ১৬টি বগি নিয়ে ৬ বার করে ১২ বার আসা-যাওয়া করছে এ দুইটি ট্রেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দুপুর আড়াইটা থেকে তিনটার মধ্যে অতিরিক্ত ট্রিপ শুরু করার জন্য রেলওয়েকে অনুরোধ জানিয়েছে।

বগিতে নতুন রঙ লাগানোসহ পৃষ্ঠীত পদক্ষেপ প্রসঙ্গে রেলওয়ে পূর্বাঞ্চলের সহকারী মহাব্যবস্থাপক মোহাম্মদ মোশাররফ হোসেন দৈনিক ইন্ডেক্সকে বলেন, 'শাটল ট্রেনের বিতিন